ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৯০৪

করবুক, ১৮ সেপ্টেম্বর, ২০২৫

**শিক্ষা ছাড়া সমাজের উন্নয়ন অসম্ভব ঃ জনজাতি কল্যাণ মন্ত্রী**

আজ করবুকে এক অনুষ্ঠানের মাধ্যমে একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের পঠন-পাঠন শুরু হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন করেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। উদ্বোধকের ভাষণে জনজাতি কল্যাণ মন্ত্রী বলেন, সমাজের জন্য শিক্ষা দরকার। শিক্ষা ছাড়া সমাজের উন্নয়ন সম্ভব নয়। সেইদিক লক্ষ্য রেখে বর্তমান সরকার শিক্ষার বিকাশে কাজ করছে। তিনি বলেন, রাজ্য সরকার এডিসি এলাকায় জনজাতিদের শিক্ষার উন্নয়নে পরিকাঠামো উন্নয়নের কাজ করছে। এরফলে জনজাতি গোষ্ঠীর মানুষ উপকৃত হচ্ছে। তিনি বলেন, জনগণকে শান্তি-সম্প্রীতি বজায় রেখে চলতে হবে এবং এর মাধ্যমেই বিকশিত ত্রিপুরা, বিকশিত ভারত গঠিত হবে। তিনি সকল জাতি গোষ্ঠীর জনগণকে একতাবদ্ধ থাকার আহ্বান জানান।

অনুষ্ঠানে বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা বলেন শিক্ষা জাতির মেরুদন্ড। এই একলব্য মডেল আবাসিক বিদ্যালয় করবুক এলাকার ছাত্রছাত্রীদের শিক্ষিত করে তোলার কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে। তিনি আশা প্রকাশ করেন এই বিদ্যালয়ে পড়াশুনা করে ছাত্রছাত্রীরা উচ্চশিক্ষা লাভ করবে এবং রাজ্যের উন্নয়নে অংশ নেবে। তাছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ড. কে শশীকুমার। স্বাগত বক্তব্য রাখেন করবুক একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের প্রিন্সিপাল হরিশ কলিতা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক আর ডি ব্লকের বিএসি'র ভাইস চেয়ারম্যান প্রণব ত্রিপুরা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ দপ্তরের যুগ্ম অধিকর্তা সুমিত্রা দেবনাথ, করবুক মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, মহকুমা পুলিশ আধিকারিক গমনজয় রিয়াং, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ধনমনি ত্রিপুরা, সমাজসেবী অসীম ত্রিপুরা, সুশিল রিয়াং, প্রণব শঙ্কর ত্রিপুরা, বিশাল দেববর্মা সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ ও বিভিন্ন দপ্তরের আধিকারিক এবং প্রতিনিধিবৃন্দ।

******